



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র (৩য় খন্ড)/২০১১/৪০

তারিখঃ ০১ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ
১৬ অক্টোবর ২০১৮ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৬৬১ তম কমিশন সভা অদ্য ১৬/১০/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছে :

কমিশন অদ্যকার সভায় বে-মেয়াদী মিউচুয়াল ফান্ড 'Shanta Amanah Shariah Fund'-এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন প্রদান করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ৩০ কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ৩ কোটি টাকা এবং সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে ২৭ কোটি টাকা, যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। ফান্ডটির উদ্যোক্তা এবং সম্পদ ব্যবস্থাপক শান্তা এ্যাসেট ম্যানেজমেন্ট লিমিটেড। এছাড়াও, ফান্ডটির ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ।



মো: সাইফুর রহমান

নির্বাহী পরিচালক ও মুখপাত্র।